প্লে স্টোরে টিচার অ্যাপ্রুভড ব্যাজ পেল মীনা গেম ২

বাংলাদেশের জনপ্রিয় শিশুতোষ কার্টুন সিরিজ মীনাকে নিয়ে তৈরি ‘মীনা গেম-২’ গুগল প্লে স্টোরে শিশুদের জন্য একই সঙ্গে শিক্ষণীয় এবং বিনোদনমূলক গেম হিসেবে টিচার অ্যাপ্রুভড (শিক্ষক অনুমোদিত) ব্যাজ অর্জন করেছে।

ইউনিসেফের অর্থায়নে ‘মীনা গেম ২’ তৈরি করেছে দেশের শীর্ষস্থানীয় গেমিং প্রতিষ্ঠান রাইজআপ ল্যাবস। মীনা গেমের প্রথম সংস্করণটির ব্যাপক জনপ্রিয়তা পাওয়ার পর রাইজআপ ল্যাবস মীনা গেম ২ কে সম্পূর্ণ থ্রিডি ভার্সনে তৈরি করে।

গুগল প্লে স্টোরে অভিভাবকরা তাদের বাচ্চাদের জন্য সমৃদ্ধ, বিনোদনমূলক এবং নিরাপদ অ্যাপস খোঁজেন। শিক্ষক অনুমোদিত প্রোগ্রাম হল গুগল প্লে স্টোরের একটি নতুন সংযোজন যেখানে শিক্ষক এবং শিশুদের শিক্ষা এবং মিডিয়া বিশেষজ্ঞরা বাচ্চাদের জন্য উচ্চ-মানের এবং নিরাপদ অ্যাপগুলোর সুপারিশ করেন।

এখানে ডিজাইন, বয়সের উপযুক্ততা, বিজ্ঞাপন, ইত্যাদির ওপর ভিত্তি করে বিশেষজ্ঞরা শিশুদের জন্য নির্মিত অ্যাপ্স এবং গেমগুলোকে গ্রেডিং করে থাকেন।

মেটাভার্সে প্রথম বিয়ে ভারতে

বিয়ে মানেই মহাধুমধাম আর অনেক মানুষের সমাগম। অথচ এ মহাসমাগম আর আনন্দ-আয়োজনে বাধা হয়ে দাঁড়িয়েছে করোনাভাইরাস। তবে, কোভিড-১৯কে বৃদ্ধাঙ্গুলি দেখাতে ব্যবহৃত হচ্ছে প্রযুক্তি। ভারতে এক বিবাহোত্তর সংবর্ধনায় দুই হাজার অতিথি অংশগ্রহণ করবে। এমন খবরে চক্ষু চড়কগাছ। দুই হাজার অতিথির ওই আয়োজন হবে মেটাভার্সে। মেটাভার্সেই নিজেদের বিয়ের বিবাহোত্তর সংবর্ধনার আয়োজন করেছেন ভারতের তামিলনাড়ুর যুগল।

দীনেশ শিবকুমার পদ্মাবতী এবং জনগণন্ধিনী রামস্বামী তাদের বিয়ের ভার্চুয়াল সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন করছেন। স্বঘোষিত ‘পটারহেডস’ বা হ্যারি পটারের ভক্ত হিসাবে এ জুটি হগওয়ার্টস থিমের পার্টি বেছে নিয়েছেন যেখানে আমন্ত্রিত অতিথিরা ফোন, ট্যাবলেট বা ল্যাপটপের মাধ্যমে হাজির হবেন। পদ্মাবতী বলেন, ‘মহামারির কারণে বিপুলসংখ্যক মানুষ নিয়ে শারীরিক উপস্থিতিতে ঐতিহ্যগত আয়োজন সম্ভব নয়।’ ‘কাজেই আমরা সিদ্ধান্ত নিলাম, মেটাভার্সেই না হয় এটি হয়ে যাক!’

শুভলগ্ন ঠিক হয়েছে ফেব্রুয়ারি মাসের প্রথম রোববার। ওই দিন সূর্যাস্তের সময় চেন্নাই থেকে প্রায় পৌনে তিনশ কিলোমিটার দূরে বরের বাড়ি কৃষ্ণগিরিতে সাতপাকে বাঁধা পড়বেন দীনেশ শিবকুমার পদ্মাবতী এবং জনগণন্ধিনী রামস্বামী। দীনেশ পেশায় আইআইটি মাদ্রাজের প্রকল্প সহযোগী। আর জনগণন্ধিনী সফটওয়্যার ডেভেলপার। ঘনিষ্ঠ বন্ধু ও আত্মীয়দের সামনে অবশ্য শারীরিক উপস্থিতিতেই সম্পন্ন হবে এ বিয়ের আনুষ্ঠানিকতা। মূলত মেটাভার্স হচ্ছে এমন একটি ডিজিটাল দুনিয়া, যেখানে ব্যবহারকারী অংশগ্রহণ করতে পারবেন বিভিন্ন প্ল্যাটফর্ম এবং ডিভাইস থেকে। চেন্নাই থেকে প্রায় পৌনে তিনশ কিলোমিটার দূরে তামিলনাড়ুর কৃষ্ণগিরি জেলার রামস্বামীর গ্রামে ঘনিষ্ঠ বন্ধু ও আত্মীয়দের সামনে অবশ্য শারীরিক উপস্থিতিতেই এ বিয়ের অনুষ্ঠান আয়োজিত হবে।

কিন্তু পরে, এ দম্পতি তাদের সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিতে লগইন করবেন, যার নকশা, উন্নয়ন এবং সার্ভারে জুড়ে দিতে প্রায় দেড় লাখ ভারতীয় রুপি ব্যয় হয়েছে। এক ঘণ্টার এ অনুষ্ঠানে নবদম্পতিকে দেখা যাবে তারা অতিথিদের স্বাগত জানাচ্ছেন। আর যারা ওই আয়োজনে ভার্চুয়ালভাবে যোগ দেবেন, তারাও তাদের অবতারদের চেহারা এবং পোশাক ঠিক করে নিতে পারবেন পছন্দসই। একদিকে যারা বিয়ের আয়োজনে হাজির থাকতে পারছেন না, তারা যেমন সংবর্ধনায় যুক্ত হতে পারবেন, তেমনি এ ডিজিটাল উদযাপনের আরেকটি সুবিধাও পাওয়া যাচ্ছে।

সবচেয়ে মজার বিষয় হচ্ছে, পরপারে থেকেও অভ্যাগত অতিথিদের সন্তানের বিয়েতে আশীর্বাদ করতে এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন কনে রামস্বামীর প্রয়াত বাবাও। এজন্য তার একটি ত্রিমাত্রিক অবতার তৈরি করেছেন দীনেশ। জানিয়েছেন, ব্লকচেইন প্রযুক্তি নিয়ে কাজ করার সুবাদে গত এক বছর ধরে ইথেরিয়াম মাইনিং করার ফাঁকে মেটাভার্সে বিয়ের আয়োজনের বন্দোবস্ত করেন তিনি। পদ্মাবতী বলেন, ‘গত এপ্রিলে আমার শ্বশুর মারা যান। আমি তার একটি ত্রিমাত্রিক অবতার

তৈরি করছি। তিনি আমাদের আশীর্বাদ করবেন।’

টেলিনরের ‘টেক ট্রেন্ডস ২০২২’ উন্মোচন করল গ্রামীণফোন

টেলিনর গ্রুপের সায়েন্টিফিক রিসার্চ ইউনিট ‘টেলিনর রিসার্চ’র প্রযুক্তি নিয়ে পূর্বাভাস প্রতিবেদনের সপ্তম সংস্করণ উন্মোচন করেছে। এ প্রতিবেদনে কীভাবে প্রযুক্তি ও ডিজিটালাইজেশন গ্রিন ট্রান্সফরমেশনকে (সবুজ রূপান্তর) সক্ষম করে তুলতে পারে তার ওপর গুরুত্বারোপ করা হয়েছে। প্রতিষ্ঠানটি মনে করে, আগামী দিনে এই বিষয়টিই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। প্রতিবেদনে পাঁচটি বিষয়ে পূর্বাভাস দেওয়া হয়েছে।

সোমবার (২৪ জানুয়ারি) জিপি হাউজে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে টেলিনরের গবেষণা থেকে প্রাপ্ত ফলাফল প্রকাশ করে গ্রামীণফোন।

রাজধানীর জিপি হাউজে মূল বক্তব্য ও বিশেষজ্ঞদের অভিমত প্রদানের সেশনে চলতি বছরের জন্য পাঁচটি প্রত্যাশিত প্রযুক্তি পূর্বাভাস উন্মোচন করা হয়। সেশন চলাকালীন সময়ে টেলিনর রিসার্চের প্রধান বিওন তালে স্যান্ডবার্গ ভার্চুয়াল মাধ্যমে মূল বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে গ্রামীণফোনের প্রধান নির্বাহী ইয়াসির আজমান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের মহাপরিচালক (সিস্টেমস অ্যান্ড সার্ভিসেস) ব্রিগেডিয়ার জেনারেল মো. নাসিম পারভেজ, বিকাশের প্রধান নির্বাহী কর্মকর্তা কামাল কাদীর, বেলা’র প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ উপস্থিত ছিলেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমদ পলক প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালভাবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

গত বছরটি ছিল চরম দুর্যোগপূর্ণ আবহাওয়া ও রেকর্ড ছড়ানো তাপমাত্রার বছর। এটি পরিবর্তনশীল জলবায়ুর কারণে মানুষ, বন্যপ্রাণী ও প্রকৃতির মুখোমুখি হওয়ার প্রতিকূলতার বিষয়টিকেই গুরুত্বারোপ করে। এমন প্রতিকূল অবস্থাতে প্রযুক্তিগত অগ্রগতি

এবং সমাজের জিজিটালাইজেশন মানুষের মধ্যে আশার আলো সঞ্চার করে। চলমান বৈশ্বিক মহামারি ও এর ফলাফলের ওপর ভিত্তি করেই এ পূর্বাভাসগুলো নির্ধারণ করা হয়েছে।

আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, ‘আজ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্ব এবং ডিজিটাল বাংলাদেশের স্থপতি আমাদের আইসিটি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়ের সঠিক দিকনির্দেশনায় আমরা রূপকল্প ২০২১-এর লক্ষ্যমাত্রা কেবল অর্জনই করিনি, ডিজিটাল বাংলাদেশ রূপকল্প নিয়ে কিছু কিছু ক্ষেত্রে আমরা লক্ষ্যমাত্রা অতিক্রমও করতে পেরেছি। চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তি অনুসারে আমরা সারা দেশে আইটি প্রশিক্ষণ কেন্দ্র এবং ল্যাব তৈরি করেছি। আমরা চতুর্থ শিল্প বিপ্লবের জন্য কেন্দ্র তৈরি করেছি – ডিজিটাল লিডারশিপ অ্যাকাডেমি এবং আরো অনেক ডিজিটাল অবকাঠামো এবং সেবা চালু করেছি। এগুলোর মাধ্যমে দেশ জ্ঞানভিত্তিক অর্থনীতির দিকে ধাবিত হবে। এছাড়াও, আমরা তরুণদের জন্য, বিশেষ করে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির জন্য শেখ হাসিনা ইনস্টিটিউট অব ফ্রন্টিয়ার টেকনোলজি (সংক্ষেপে ‘শিফট’) নির্মাণ করছি। ’

আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, ‘বিভিন্ন ধরনের সহযোগিতা ও সমর্থন প্রদানের মাধ্যমে সরকারের ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন পূরণে পাশে থাকায় আামি গ্রামীণফোন ও টেলিনরকে ধন্যবাদ জানাই। এ নিয়ে সপ্তমবারের মতো টেক ট্রেন্ডসের মাধ্যমে সামনের দিনগুলোর গুরুত্বপূর্ণ বিষয়ের পূর্বানুমান উন্মোচন করেছে টেলিনর রিসার্চ। এ প্রতিবেদনে পূর্বানুমান করার কারণ ও এর ব্যাখ্যা দেওয়া হয়েছে। ধারাবাহিকভাবে এ ধরনের বার্ষিক টেক ট্রেন্ডস প্রকাশ করায় টেলিনর ও গ্রামীণফোনকে অসংখ্য ধন্যবাদ। কারণ, এর মাধ্যমে আমরা সারা বিশ্বের প্রযুক্তি দুনিয়ায় কী ঘটছে তা উন্মোচন করতে পারছি এবং এগুলো বাৎসরকিভাবে প্রণীত কৌশলেও অন্তর্ভুক্ত করতে পারছি। ’

বিটিআরসি’র মহাপরিচালক (সিস্টেমস অ্যান্ড সার্ভিসেস) ব্রিগেডিয়ার জেনারেল মো. নাসিম পারভেজ তার বক্তব্যে চারটি বিষয়ে আলোকপাত করেন। বিষয়গুলো হলো- জ্বালানি সাশ্রয়; সাইট লেভেল ইনোভেশন; আরএএন (রেডিও অ্যাকসেস নেটওয়ার্ক) ও নেটওয়ার্ক ইক্যুইপমেন্ট ইনোভেশন; এবং উন্নত নেটওয়ার্ক পরিকল্পনা ও অপ্টিমাইজেশন। তিনি বলেন, ‘টেক ট্রেন্ডস থেকে প্রাপ্ত ফলাফলগুলো নিয়ে কাজ করতে কিংবা এগুলোর বিকাশে কীভাবে একসঙ্গে কাজ করা যায় তা নিয়ে আমাদের

কৌশল খুঁজে বের করতে হবে। আমরা ফাইভজি নীতিমালা নিয়ে কাজ করছি। আমরা অপারেটরদের সঙ্গে বসে তাদের তাদের পরামর্শও নিচ্ছি। ’

বিকাশের প্রধান নির্বাহী কর্মকর্তা কামাল কাদীর বলেন, ‘টেক ট্রেন্ডস ২০২২ এর পাঁচটি পূর্বাভাসে অনেকগুলো ধারণা খুব সুন্দরভাবে উঠে এসেছে। সার্ভার ও অ্যাপ্লিকেশন ভিত্তিক কোন কিছু ডিজাইন করার সময় সবুজায়নের বিষয়টিতে গুরুত্বারোপ করতে হবে; একইসঙ্গে ব্যবহারকারীরা তাদের প্রাত্যহিক জীবনে কীভাবে এগুলোর প্রয়োগ ঘটাতে পারে তা নিয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করতে হবে। পাশাপাশি, বিশ্ববিদ্যালয়গুলোতে এ বিষয়গুলোকে মূল ডিসিপ্লিন হিসেবে বিবেচনা করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে, যেন শিক্ষার্থীরা তাদের ক্যারিয়ারে এ ধারণাগুলোকে কাজে লাগাতে পারেন। ‘গ্রিনফ্লুয়েন্সার’ ধারণাটি আমার কাছে বেশ আকর্ষণীয় লেগেছে। আমাদের দেশে এ ধারণাটি অতি শিগগিরই জনপ্রিয় করতে সবাইকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। আর এভাবেই একসঙ্গে সবাই কাজ করার মাধ্যমে আমরা শক্তি সাশ্রয়ীর বিষয়টি সবার মাঝে ছড়িয়ে দিয়ে টেকসই পৃথিবী গড়তে পারব। ’

বেলা’র প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, ‘বর্তমানে ই-বর্জ্য পরিবেশের ক্ষতির অন্যতম কারণ হয়ে দাঁড়িয়েছে। আমরা ই-বর্জ্যের ঝুঁকি সম্পর্কে এবং এ ব্যাপারে কী পদক্ষেপ নেওয়া যেতে পারে তা সঠিকভাবে জানি না। প্রযুক্তি প্রতিষ্ঠানগুলোকে ভোক্তাদের আকর্ষণ করতে নতুন ডিজাইন বাজারে আনার চেয়ে পরিবেশের জন্য কিছু করতে চাইলে পণ্যের স্থায়িত্বের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে। ’

টেলিনরের হেড অব রিসার্চ বিয়ন টালে স্যান্ডবার্গ বলেন, ‘জলবায়ু পরিবর্তন এবং পরিবেশগত অবক্ষয় নিয়ে কাজ করার প্রয়োজনীয়তার বিষয়টি অনুধাবন করে সর্বত্রই মানুষ এখন সচেতন হচ্ছে। প্রযুক্তি কীভাবে সমস্যার অংশ না হয়ে পরিবর্তনে সহায়তা করতে পারে টেলিনরে তা অনুধাবন করাটাই আমাদের জন্য জরুরি। ’

গ্রামীণফোনের প্রধান নির্বাহী কর্মকর্তা, ইয়াসির আজমান বলেন, ‘ক্রমাগত জলবায়ুগত পরিবর্তনের কারণে বাংলাদেশ ধারাবাহিকভাবে চরম জলবায়ুজনিত বিভিন্ন সমস্যার মুখোমুখি হচ্ছে, যা আমাদের টেকসই অর্থনীতির লক্ষ্যকে বাধাগ্রস্ত করছে। ডিজিটালাইজেশনের ক্ষেত্রে আমরা ইতিবাচক অগ্রগতি অর্জন করেছি এবং এখন আমাদের লক্ষ্য হচ্ছে, জলবায়ু-বান্ধব কৌশল গ্রহণ করা, যা সবুজে রূপান্তরের মাধ্যমে

আমাদের ভবিষ্যতকে সুরক্ষিত রাখবে। এ বছর প্রযুক্তি সংক্রান্ত অনুমান দেখিয়েছে যে, কীভাবে প্রযুক্তি এবং ডিজিটালাইজেশন ডেটা স্থানান্তরকে আরো দক্ষ, সহজ এবং আমাদের ডিভাইসগুলোকে আরো পরিবেশ বান্ধব ও অপটিমাইজ করে তুলবে, ডিজিটাল মাইক্রো ডিগ্রি ও গ্রিন ইনফ্লুয়েন্সারগুলোর মাধ্যমে জলবায়ুতে ইতিবাচক পরিবর্তন আনতে পারে; পাশাপাশি টেকসই ভবিষ্যৎ নির্মাণেও কিছু ট্রেন্ড ভূমিকা রাখতে পারে। আমরা কীভাবে ভালো নেতৃত্বের অনুশীলনের বিষয়টি নিশ্চিত করতে পারি যাতে পরবর্তী প্রজন্মের কর্মীরা তাদের কর্মক্ষেত্রে উন্নতি লাভ করে, এ বিষয়টিও চলতি বছরের প্রতিবেদনে আলোকপাত করা হয়েছে। ’

মেগা চিপসেট কারখানা বানাচ্ছে ইন্টেল

চিপ নির্মাতা মার্কিন প্রতিষ্ঠান ইন্টেল বিশ্বের বৃহত্তম সেমিকন্ডাক্টর প্রকল্পের কাজ হাতে নিয়েছে। যুক্তরাষ্ট্রের ওহাইও রাজ্যের নিউ আরবানিতে বৃহৎ চিপসেট কারখানা তৈরি করা হচ্ছে। কারখানাটি তৈরিতে প্রাথমিকভাবে ২০ বিলিয়ন ডলারের অধিক বিনিয়োগ করবে ইন্টেল।

চলতি বছরের শেষ দিকে কারখানাটি তৈরির কাজ শুরু হবে এবং ২০২৫ সালে সেটি চালু করার পরিকল্পনা রয়েছে। প্রায় ৪০০ হেক্টর জায়গায় এই মেগাসাইটে প্রাথমিকভাবে দুটি চিপ কারখানা করা হবে। পরবর্তীতে সেটি আটটিতে উন্নীত করার পরিকল্পনা রয়েছে। এ ছাড়া এখানে থাকবে সাপোর্ট অপারেশন এবং অন্যান্য ইন্টেল পার্টনার ইকোসিস্টেম।

নতুন সাইটটিতে প্রাথমিকভাবে তিন হাজার কর্মসংস্থান তৈরি হবে বলে ধারণা করা হচ্ছে। এর পাশাপাশি ১০ হাজার লোক সাইটটি তৈরিতে কাজ করবে এবং স্থানীয় অর্থনীতিতে দীর্ঘস্থায়ী সুযোগ তৈরি হবে। এ ছাড়া ইন্টেল অতিরিক্ত ১০০ মিলিয়ন ডলার খরচ করবে স্থানীয় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে; যার মাধ্যমে তারা স্থানীয় দক্ষ জনবল তৈরি করতে পারে।

৫জি স্মার্টফোন ভিভো ভি ২৩ এর বিক্রি শুরু

ছয় দিনের জমজমাট প্রি-বুকিং পর্ব শেষে শনিবার (২২ জানুয়ারি) থেকে দেশের সব অথোরাইজড ভিভো স্টোরগুলোতে পাওয়া যাচ্ছে গ্লোবাল স্মার্টফোন নির্মাতা প্রতিষ্ঠান ভিভোর নতুন চমক ভিভো ২৩ ফাইভজি। ভিভো জানিয়েছে, গত বছরের ডিসেম্বরেই ৫জি নেটওয়ার্ক চালু করেছে সরকার। এবার ৫জি স্মার্টফোন ভিভো ভি২৩ এনে দারুণ সাড়া মিলছে।

নতুন এই মডেলে ৫জি নেটওয়ার্কের পাশাপাশি ভিভোর নতুন সংযোজন এর কালার চেঞ্জিং বডি।

দেশের তরুণদের ফ্যাশনেবল লাইফস্টাইলকে মাথায় রেখে এই কালার চেঞ্জিং গ্লাস বডি স্মার্টফোন এনেছে ভিভো।
স্বাভাবিক অবস্থায় ভিভো ভি২৩ ৫জি পাওয়া যাবে দু’টি রঙে; স্টারডাস্ট ব্ল্যাক এবং সানশাইন গোল্ড। তবে সূর্যরশ্মিতে গেলে স্মার্টফোনটি নীলাভ সবুজ এবং সোনালী রঙে বদলাতে থাকবে। বাংলাদেশে ভিভো ভি২৩ ৫জি’র বাজারমূল্য ৩৯ হাজার ৯৯০ টাকা।

ভিভো ভি২৩ ৫জি’তে দুটি ফ্রন্ট ক্যামেরা যুক্ত করা হয়েছে। এর মধ্যে একটি ৫০ মেগাপিক্সেলের বিশাল অটো ফোকাস পোর্ট্রেইট সেলফি ক্যামেরা এবং অন্যটি ৮ মেগাপিক্সেলের সুপার ওয়াইড অ্যাঙ্গেল ক্যামেরা।

৫০ মেগাপিক্সেলের ক্যামেরাটিতে অত্যাধুনিক আইসোসেল ৩.০ প্রযুক্তি রয়েছে; যা কম আলোতেও সুন্দর ও স্বচ্ছ ছবি তুলতে সহায়তা করবে। আই অটোফোকাস প্রযুক্তি ছবির বিষয়বস্তুতে ফোকাস ধরে রাখতে সহায়তা করবে, ফলে বারবার ফোকাস করতে হবে না।

এদিকে, পারফেক্ট গ্রুপ ফটো তুলতে কাজ করবে ৮ মেগাপিক্সেলের ক্যামেরাটি। কেননা, এই সেলফি ক্যামেরাটি ১০৫ ডিগ্রি পর্যন্ত ধারণ করতে পারে। এআই এক্সট্রিম নাইট পোর্ট্রেইট মোড থাকায় স্মার্টফোনটির সেলফি ক্যামেরা দিয়ে রাতের অসাধারণ ছবিও ধারণ করা

যাবে।

এদিকে ভিভো ভি২৩ ৫জি’র পেছনে রয়েছে তিনটি ক্যামেরা। যার মধ্যে রয়েছে ৬৪ মেগাপিক্সেলের জিডব্লিউ১ সুপার সেন্সিং ক্যামেরা, ৮ মেগাপিক্সেলের ওয়াইড অ্যাঙ্গেল লেন্স এবং ২ মেগাপিক্সেলের একটি ম্যাক্রো ক্যামেরা। ক্যামেরাগুলো দিয়ে হাই রেজ্যুলোশনের ল্যান্ডস্কেপ ছবি ধারণ করা যাবে।

ভিভো ভি২৩ ফাইভজির বডিতে মেটাল ফ্ল্যাট ফ্রেম এবং কালার চেঞ্জিং ফ্লোরাইট এজি ডিজাইন ব্যবহার করা হয়েছে। এই ডিজাইনটি ভিভোর প্রায় দুই বছরের গবেষণার ফল। স্মার্টফোনটির র্যাম ৮ গিগাবাইট, যা এক্সটেন্ডেড র্যাম ২.০ প্রযুক্তির মাধ্যমে আরো ৪ গিগাবাইট পর্যন্ত বাড়ানো যাবে। এর রম ১২৮ গিগাবাইট। ৪৪ ওয়াটের ফ্ল্যাশচার্জ স্মার্টফোনটিকে দ্রুত চার্জ করবে এবং বেশিক্ষণ ধরে চার্জ ধরে রাখবে এর ৪২০০ মিলিঅ্যাম্পিয়ার ব্যাটারি। অপারেটিং সিস্টেম হিসেবে ভিভো ভি২৩ ফাইভজিতে রয়েছে ফানটাচ ওএস ১২।

এসএমই ই-ডাটাবেইসের কার্যক্রম শুরু

এটুআইয়ের সহযোগিতায় দেশব্যাপী এসএমই ই-ডাটাবেইস তৈরি করছে এসএমই ফাউন্ডেশন।

এই ই-ডাটাবেইস নিবন্ধিত হলে সহজে সেবা পাবেন ক্ষুদ্র উদ্যোক্তারা। http://www.smef.nise.gov.bd এই ওয়েব লিংকে লগইন করে একজন উদ্যোক্তা নিজে/ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সহায়তায়/এসএমই ক্লাস্টার অ্যাসোসিয়েশনের মাধ্যমে এসএমই ই-ডাটাবেইসের জন্য নিজেদের তথ্য আপলোড করতে পারবেন।

ই-ডাটাবেইস তৈরি কার্যক্রমের অংশ হিসেবে গতকাল বৃহস্পতিবার প্রাথমিকভাবে ঢাকার শ্যামপুর, বগুড়ার আদমদীঘি, পিরোজপুরের নেছারাবাদ ও কিশোরগঞ্জের ভৈরব—দেশের চারটি উপজেলা/থানায় পাইলট কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধান অতিথি শিল্পমন্ত্রী

নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন।

এসএমই ফাউন্ডেশনের চেয়ারপারসন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহেমদ পলক। স্বাগত বক্তব্য দেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং শুভেচ্ছা বক্তব্য দেন এটুআই (a2i)-এর প্রকল্প পরিচালক ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর।

প্রতিমন্ত্রী জুনাইদ আহেমদ পলক বলেন, ‘নিয়মিত হালনাগাদকৃত ডাটাবেইস না থাকার ফলে আমাদের প্রায়ই সিএমএসএমই খাত নিয়ে নানা রকম নীতিগত সিদ্ধান্ত গ্রহণে বেগ পেতে হতো। এসএমই উদ্যোক্তাদের প্রশিক্ষণ, তহবিলের জোগান এবং ব্যবসার বিভিন্ন সেবা দেওয়া নিশ্চিত করতে একসঙ্গে কাজ করতে পারে এসএমই ফাউন্ডেশন ও আইসিটি বিভাগ।

অ্যাপলের বিরুদ্ধে এরিকসনের মামলা

মার্কিন প্রযুক্তি জায়ান্ট অ্যাপলের বিরুদ্ধে মামলা করেছে সুইডেনের টেলিকমিউনিকেশন কোম্পানি এরিকসন। আইফোনে ফাইভজি ওয়্যারলেস প্রযুক্তি ব্যবহারের রয়্যালিটি পেমেন্ট ইস্যুতে এ মামলা করেছে এরিকসন। ইতোমধ্যেই উভয় কোম্পানি যুক্তরাষ্ট্রে একে অপরের বিরুদ্ধে মামলা করেছে।

২০১৫ সালে শুরু হওয়া সাত বছরের টেলিকম পেটেন্ট নবায়নে সমঝোতা না হওয়ায় উভয় কোম্পানি একে অপরকে দোষারোপ করে এই মামলা করে। অক্টোবরে সর্বপ্রথম এরিকসন মামলা করে। তারা দাবি করে, অ্যাপল অযৌক্তিকভাবে রয়্যালিটি রেট কর্তন করার চেষ্টা করছে। এরপর গত ডিসেম্বরে অ্যাপল তাদের করা মামলায় অভিযোগ করে, সুইডিশ কোম্পানিটি পেটেন্ট নবায়নে নিজেদের জোর খাটাচ্ছে। প্রযুক্তি কোম্পানিগুলোর মধ্যে পেটেন্ট মামলা খুবই সাধারণ ঘটনা। কারণ এক ডলারও বাঁচাতে পারলে চুক্তির মেয়াদকালীন সেটি বড় সংখ্যা হিসাবে

রূপ নেয়। এরিকসন প্রত্যেকটি ফাইভজি হ্যান্ডসেটের জন্য আড়াই থেকে পাঁচ ডলার রয়্যালিটি ফি নিয়ে থাকে।

আইপি টিভি ও ইউটিউব চ্যানেল খবর প্রচার করতে পারে না’

সম্প্রচার নীতিমালা অনুযায়ী আইপি টিভি ও ইউটিউব চ্যানেল খবর প্রচার করতে পারে না বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। আর তাই নীতিমালা লঙ্ঘনকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে জেলা প্রশাসকদের নির্দেশ দিয়েছেন তিনি। বৃহস্পতিবার (২০ জানুয়ারি) তিনদিনের ডিসি সম্মেলনের শেষ দিনে এ নির্দেশ দেন বলে তিনি সাংবাদিকদের জানান।

তিন দিনব্যাপী সম্মেলনের শেষ দিনে তথ্যমন্ত্রী সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে অপপ্রচার বন্ধের আহ্বান জানান। ক্যাবল টেলিভিশনগুলো যেনো বিজ্ঞাপন প্রচার না করতে পারে সে বিষয়ে ব্যবস্থা নেয়ারও নির্দেশ দেন তিনি। এদিকে নদীর নাব্যতা ধরে রাখতে দূষন ও দখল বন্ধে জেলা প্রশাসকদের আরো তৎপর হওয়ার নির্দেশ দিয়েছেন নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী।

অবৈধভাবে বালু উত্তোলন বন্ধে ব্যবস্থা ব্যবস্থা নিতে বলেন পানি সম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক। তিনি জানান সকাল ৬ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত অনুমতি নিয়ে বালু উত্তোলন করা যাবে। এসময় পশু খাদ্যে ভেজাল ও কারেন্ট জাল বন্ধে ব্যবস্থা নিতে নির্দেশ দেন মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রী স ম রেজাউল করিম।

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে সেনা, নৌ ও বিমান বাহিনী প্রধান ডিসি সম্মেলনে অংশ নেন। বৈঠক শেষে সেনা প্রধান জেনারেল শফিউদ্দিন আহমেদ বলেন, সামরিক ও বেসামরিক প্রশাসনকে এক সাথে কাজ করতে হবে। তাহলেই অভিষ্ট লক্ষ্যে পৌছানো যাবে।

প্রতারণার ফাঁদ ডেটিং অ্যাপস

ট্যানট্যান, মামবা ও টিনডারসহ অন্তত ১৫টি ডেটিং অ্যাপসের সন্ধান পেয়েছেন গোয়েন্দারা। সুন্দরী নারীর ছবি ব্যবহার করে এসব অ্যাপসের মাধ্যমে চলছে প্রতারণা। হাতিয়ে নেওয়া হয়েছে লাখ লাখ টাকা। অ্যাপসে অ্যাকাউন্ট খুলে প্রথমে বন্ধুত্ব তৈরি করা হয়। এরপর দেখা করা ও একান্তে সময় কাটানোর প্রস্তাব দেওয়া হয় পুরুষ বন্ধুকে। একথা বলে ডেকে নিয়ে করা হয় ব্ল্যাকমেইলিং। কখনও কখনও আটকে রেখে আদায় করা হয় মুক্তিপণ। এসব অ্যাপসে প্রতারিত হওয়ার সংখ্যা কম নয়। কিন্তু মান-সম্মানের কথা চিন্তা করে তাদের বেশিরভাগই আইনের আশ্রয় নিতে আগ্রহী নন। তবে একটি অভিযানে চক্রের তিন সদস্যকে গ্রেফতারের পর মুখ খুলতে শুরু করেছেন অনেক ভুক্তভোগী। তাদের দেওয়া তথ্যের ভিত্তিতে কয়েকটি ডেটিং অ্যাপসের অর্ধশতাধিক সদস্যকে খুঁজছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)।

ডিবির সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম ডিভিশনের ফাইন্যান্সিয়াল ক্রাইম ইনভেস্টিগেশন টিমের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) জুনায়েদ আলম সরকার জানান, চক্রের সদস্যরা ডেটিং অ্যাপসের মাধ্যমে মধ্যবয়সি পুরুষদের সঙ্গে বন্ধুত্ব করে। পরে একান্তে সময় কাটানোর জন্য নিয়ে যায় গোপন আস্তানায়। সেখানে তাদের জিম্মি করে হাতিয়ে নেয় মোটা অঙ্কের টাকা। এক বাবা তার মেয়েকে দিয়েও এ ধরনের একটি চক্র গড়ে তুলেছে। ওই বাবার নাম আব্দুল জলিল হাওলাদার। মেয়ের নাম সোনিয়া মেহের। বাবা-মেয়ের চক্রটি এ পর্যন্ত ১৫ থেকে ২০ জনকে জিম্মি করে কয়েক লাখ টাকা হাতিয়ে নিয়েছে। মেহের-জলিল ছাড়াও গ্রেফতার করা হয়েছে এ চক্রের সদস্য ইউসুফ মোল্লাকে। আরও যাদের গ্রেফতারের চেষ্টা চলছে তাদের মধ্যে আছে-মামুন, রাজু, বিথী, মিথিলা প্রমুখ।

এ অ্যাপস চক্রের সন্ধান কীভাবে পেলেন জানতে চাইলে ডিবি কর্মকর্তা বলেন, ট্যানট্যান নামের আ্যাপসের মাধ্যমে সোনিয়া মেহের নামের এক নারীর সঙ্গে পরিচয় হয় একটি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা আরিফ হোসেনের। দীর্ঘদিন হোয়াটসঅ্যাপসে কথা বলেন তারা। একপর্যায়ে নিরিবিলি সময় কাটানোর জন্য আরিফকে ডেকে যাত্রবাড়ীর একটি ফ্ল্যাটে নেন ১৮ বছরের তরুণী মেহের। সেখানে আগে থেকেই ওতপেতে ছিল

কোহলির এক পোস্টে আয় পৌনে ৬ কোটি টাকা!

সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামে অনুসারীর সংখ্যায় ভারতের সবাইকে ছাড়িয়ে গেছেন বিরাট কোহলি। ইনস্টাগ্রামে তার অনুসারী ১৭ কোটি ৭০ লাখের বেশি। ভারতীয় সেলিব্রিটিদের মধ্যে সর্বোচ্চ এবং এশিয়ানদের মধ্যে চতুর্থ সর্বোচ্চ অবস্থানে তিনি।

তবে এর চেয়ে বড় খবর হলো বর্তমানে পোস্টপ্রতি ৬ লাখ ৮০ হাজার ডলার হিসাবে পৌনে ৬ কোটি টাকারও বেশি ইনস্টাগ্রাম থেকে আয় করেন কোহলি। ২০২১ সালের ‘ইনস্টাগ্রাম রিচ লিস্ট’ প্রকাশ করে এই তথ্য দিয়েছে সোশ্যাল মিডিয়া মার্কেটিং সলিউশন ‘হুপার এইচকিউ’। তালিকায় ইনস্টাগ্রাম ব্যবহারকারীদের মধ্যে বিশ্বে ১৯তম স্থানে রয়েছেন কোহলি।

ভারতীয়দের মধ্যে তিনিই প্রতি ইনস্টাগ্রাম পোস্ট বাবদ সবচেয়ে বেশি পৌনে ৬ কোটি টাকা আয় করেন। তালিকায় সবার ওপরে ক্রিস্টিয়ানো রোনাল্ডো। ম্যানচেস্টার ইউনাইটেডের পর্তুগিজ মহাতারকা গত বছর পোস্টপ্রতি নিয়েছেন ১৬ লাখ ৪ হাজার ডলার বা ১৩ কোটি ৭৮ লাখ টাকা। বিশ্লেষণে দেখা যাচ্ছে, কোহলির অভিনেত্রী স্ত্রী আনুশকা শর্মার সঙ্গে তোলা ছবিগুলোতে লাইক-কমেন্টের পরিমাণ সবচেয়ে বেশি। জনপ্রিয়তার এই সুবিধা ইনস্টাগ্রামে কোহলি নিচ্ছেন বেশি পোস্টপ্রতি বেশি দর হাঁকিয়ে।